

## শ্রীশ্রীহরি সঙ্গীত

হ'য়ে মত্ত মাতাল, মাতায় আকাশ পাতাল,  
এবার দুঃখী তাপীর জুড়াইল তাপিত জীবন ॥

- ৫। তারকচন্দ্র ব'লেছে কাঁদি, উদয় হ'লরে চাঁদ ওড়াকান্দি,  
দয়াল মহানন্দ কয় সে চাঁদ দেখবি কে কে আয়,  
অশ্বিনী দেখলি না সে চাঁদ ভাবিয়া নয়ন ॥

### ২৩ নং তাল-গড়খেমটা

হরিচাঁদ রূপে পরাণ হ'রে নিল,  
পরান হ'রে নিল নয়ন ভুলে গেল,  
এমন মোহন মুরতি তনু কেবা গড়িল ॥

- ১। বাঁকা নয়ন জোড়া ভুরু, আজানুলম্বিত বাহু, কটি সরু।  
তার রূপেরই ছটায়, কোটিচাঁদ পদে লোটায়,  
হরিচাঁদ হেরে চাঁদের কলঙ্ক গেল ॥
- ২। হেরে হরিচাঁদের ছবি অধৈর্য হ'লরে প্রাণ বসে ভাবি,  
আমার এ কি হল সই, আমি কিসে ধৈর্য রই,  
হরিচাঁদে হেরে আত্মা তন্ময় হ'ল ॥
- ৩। সুধাসিন্ধু ম'থে বিধি, নিজ্জনে গড়িছে সেই গুণনিধি,  
রূপের তুল্য দিতে নাই, গুণে বলিহারী যাই,  
ওরূপ নয়ন পথের ছিদ্র দিয়ে হৃদয়ে পশিল ॥
- ৪। নয়ন দিয়ে হরিচাঁদে, দিবানিশি হরিবলে পরাণ কাঁদে,  
ও তাঁর রূপ খানি যেমন নামটি তেমন,  
জগতের সুধা এনে নামে মাখিল ॥
- ৫। মহানন্দ চকোর হ'য়ে, পাগল হয়েছে চাঁদের সুধা পিয়ে,  
গোঁসা তারকচন্দ্র কয়, হ'ল হরিচাঁদ উদয়,  
অশ্বিনীর ভাগ্যে সে চাঁদ কই ঘটিল ॥